

PRINT

সমকাল

জাবিতে ছাত্রলীগের দু'পক্ষের সংঘর্ষ

১০ ঘণ্টা আগে

জাবি প্রতিনিধি

আন্তঃবিভাগ ফুটবল খেলাকে কেন্দ্র করে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শহীদ সালাম বরকত হল ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় ছাত্রলীগের চার নেতাকর্মী আহত হয়েছেন। গতকাল সোমবার বিকেল ৫টার দিকে এ ঘটনা ঘটে।

আহতরা হলেন- জাবি ছাত্রলীগের স্বাস্থ্য ও চিকিৎসাবিষয়ক সম্পাদক ও শহীদ সালাম বরকত হলের আবাসিক শিক্ষার্থী জামিল হোসেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আবাসিক শিক্ষার্থী ও ছাত্রলীগের সহসম্পাদক আব্দুল্লাহ আল আজিম সৈকত, ছাত্রলীগ কর্মী কাজল হাসান ও আশরাফুল ইসলাম।

প্রত্যক্ষদর্শীরা জানায়, কেন্দ্রীয় খেলার মাঠে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতায় রসায়ন বিভাগ এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের ম্যাচের সময় জামিলের শার্টের কলার ধরে ধাক্কা দেন কাজল। এ ঘটনায় দুই হলের নেতাকর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। এক পর্যায়ে উত্তেজিত নেতাকর্মীরা শহীদ মিনারের সামনে এলে সেখানে সংঘর্ষে জড়িয়ে পড়েন। এতে চারজন আহত হন।

ক্যাম্পাসে শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল : 'মার্চ টু ঢাকা' কর্মসূচিতে অসহযোগিতার প্রতিবাদে এবং আট দফা দাবি বাস্তবায়নে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছেন সাধারণ শিক্ষার্থীরা। এ সময় শাহবাগে পুলিশের হাতে আটক জাবির চার শিক্ষার্থীর মুক্তির দাবিও করেন তারা।

গতকাল সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রান্তিক গেট এলাকায় গিয়ে শেষ হয়। পরে আন্দোলনরত শিক্ষার্থীরা ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করার চেষ্টা করলে পুলিশ তাদের সরিয়ে দেয়। এ সময় আন্দোলনরত শিক্ষার্থীরা প্রান্তিক গেটের ভেতরে অবস্থান নেন। আটকরা মুক্তি না পাওয়া পর্যন্ত সেখানেই অবস্থান করবেন বলে জানিয়েছেন শিক্ষার্থীরা।

এ ঘটনায় বিশ্ববিদ্যালয় এলাকায় ব্যাপক পুলিশ মোতায়েন রয়েছে। এ ছাড়া সাভারের বিভিন্ন জায়গায় পুলিশের সাজোয়া যান মোতায়েন রয়েছে।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com